ডেঙ্গু নিধনে ৯৫ হাজার গাপ্পি মাছ ছাড়াল হাওড়া পুরসভা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বর্ষায় ডেঙ্গু, চিকুনগুনিয়া, ম্যালেরিয়া সহ বিভিন্ন মশাবাহিত রোগের প্রাদুর্ভাব দেখা যায়। সেই মশাবাহিত রোগের প্রাদুর্ভাব থেকে রক্ষা পেতে এবছর প্রাক বর্ষাতেই হাওড়া পুরসভার স্বাস্থ্য দফতরের তরফ থেকে ব্যবস্থা নেওয়া হল। মশার লার্ভা নিধনের জন্য হাওড়া পুরনিগমের বিভিন্ন ওয়ার্ডে গাপ্পি মাছ বিতরণের কাজ শুরু করল। শুক্রবার বিকেলে হাওড়া পুরসভার স্বাস্থ্য দফতরের মেয়র পারিষদ ভাস্কর ভট্টাচার্যের নেতৃত্বে প্রায় ৯৫ হাজার গাপ্পি মাছ বিভিন্ন ওয়ার্ডে পাঠানো হয়। প্রথম পর্যায়ে পুরসভার ৬৬টি ওয়ার্ডেই গাপ্পি মাছ পাঠানো হবে বলে পুরসভার স্বাস্থ্য দফতরের তরফ থেকে জানানো হয়েছে। ভাস্করবাবু জানান, প্রাথমিক পর্যায়ে এইদিন প্রায় ৯৫ হাজার গাপ্পি মাছ পাঠানো হয়েছে। লক্ষ্যমাত্রা রাখা হয়েছে প্রায় দু'লক্ষ গাপ্পি মাছ বিভিন্ন ওয়ার্ডে পাঠানো হবে। পুরসভা এলাকায় বিভিন্ন ওয়ার্ডের যে সমস্ত হাইড্রেন রয়েছে সেখানে এই গাপ্পি মাছ ছাড়া হবে। এছাড়া যাতে মশার লার্ভার বংশবৃদ্ধি না হয় তার জন্য পুরনিগম এলাকার সমস্ত পুকুর বা জলাশয়ে এই গাপ্পি মাছ ছাড়া হবে বলে পুরসভা স্বাস্থ্য দফতর সূত্রে জানানো হয়েছে।

ঈদসংখ্যা প্রকাশ অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা : বহুল প্রচারিত পত্রিকা বুলবুল-র ঈদ সংখ্যা ২০১৮ প্রকাশিত হবে আগামী ১৫ জুলাই কলকাতা প্রেস ক্লাবে বেলা ৩টায় অনুষ্ঠানে পৌরহিত্য করবেন কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি এবং রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান এবং বিধায়ক মহঃ আব্দুল গনি। বুলবুল পত্রিকা ৫০ বছর অতিক্রম করে ৫১ বছরে পদার্পণ করেছে। পত্রিকার সম্পাদক এসএম সিরাজুল ইসলাম এই অনুষ্ঠানে কথা জানিয়েছেন।

সভা/অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির) আজ শনিবার আলোচনায়:-শ্রীমদ্ভাগবত। পাঠক: অচিন্ত্য মুখোপাধ্যায়। সময়: ৭-১৫ মি:।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

			9	4		7	5	
					1		2	
	7					4		
		7			9	1	8	
4							7	
	8	6	1			5		
		4					1	
	5		7					
	1	9		2	3			

গতকালের সমাধান

2	4	7	1	8	3	5	9	6
3	6	1	5	9	4	2	8	7
9	8	5	2	7	6	3	1	4
5	1	8	3	4	7	6	2	9
7	2	9	6	5	1	4	3	8
6	3	4	9	2	8	7	5	1
8	9	2	7	6	5	1	4	3
1	5	6	4	3	9	8	7	2
4	7	3	8	1	2	9	6	5

আবহাওয়া

পূর্বাভাস: শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৩ ডি গ্রি এ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৯ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫৭, **সূর্যাস্ত:** ঘ ৬:২৫ **জোয়ার:** সকাল :৮:২৫। **ভাটা:** দুপুর : ২:১৯।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,৩৭০
গহনা সোনা (১০ গ্রাম):	২৯,৪৮০
হলমার্কগহনা:	২৯,৭২০
(২২ ক্যারেট ১০ গ্রাম):	
রুপোর বাট (প্রতি কেজি):	৪০,৮০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪০,৯০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা))।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	: 68.8757
INR / 1 Euro	: 80.6328
INR / 100 Jap. YEN	: 62.2500
INR /1 Pound Sterling	: 91.1432

শেয়ারসূচক

BSE 35,657.86 ▲ (+385.84)
NIFTY 10,772.65 ▲ (+22.90)

শব্দলিপি- ১২৪৪



শ্রীরা সরকার

পাশাপাশি ঃ ১। থোমটা ৪। অযোগ্য রাস্তা ৬। খুড় ৭। শিশু বা রোগীর বিছানায় পাতা কাপড় ৯। গাজনে সন্ন্যাসীদের ঘুরপাক খাবার খুঁটি ১১। বিদ্যাচর্চা ১৩। প্রাক্তন ১৪। সমরসজ্জা

উপরনীচ ঃ ২। মনোরঞ্জনকারিনী ৩। ছান ধরে রাখার আড়কাঠ ৪। আট অধিক ৫। ক্রমাগত ভারী কোমল বস্তুপতনের শব্দ ৬। বঙ্গীয় সেমিনার ৮। পড়ন্ত ১০। শঙ্খধ্বনি ১২। রক্ত তাপ বা বাষ্পের মতো

সমাধান ঃ শব্দলিপি - ১২৪৩

পাশাপাশি ঃ ১। আদিভূত ৩। চৌদোলা ৬। রাঙাবউ ৮। রজনীগন্ধ ১০। তরবেকর ১২। লোকোত্তর ১৪। গৌরব ১৫। আত্তান্তর

উপরনীচ ঃ ১। আলোয়ার আলো ২। ভূবিজ্ঞানী ৪। দেয়াব ৫। বারান্তর ৭। উত্তরবিচার ৯। কাতরতা ১১। কেমোতা ১৩। কোত্তর

বউকে কুপিয়ে আত্মঘাতী অনুতপ্ত স্বামী, তবে প্রাণে বেঁচে গেলেন স্ত্রীও

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : বিবাদের জেরে স্ত্রীকে হাঁসুয়ার কোপ। তারপর স্ত্রী মৃত ভেবে সোজা সাঁইথিয়া স্টেশনে গিয়ে আত্মঘাতী। এদিকে আশ্চর্যভাবে বেঁচে গেলেন স্ত্রীও। সাতসকালে এই ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য সাঁইথিয়ায়।

মৃতের নাম আবু বক্কর ওরফে শেখ মহম্মদ। ২৯ বছরের যুবকের স্ত্রীর নাম আয়েশা বিবি। শুক্রবার সকাল সকাল তাঁদের মধ্যে ঝামেলা হয়। পারিবারিক কারণেই এই ঝামেলা বলে জানা গিয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানাচ্ছেন, ঝগড়া চলাকালীন আচমকাই এক কাণ্ড করেন আবু। হাঁসুয়া তুলে নিয়ে স্ত্রীর উপর কোপ বসিয়ে দেন তিনি। রক্তে ভেসে ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন আয়েশা। তখনই ভয় পেয়ে যান ওই যুবক। তিনি ভেবে নেন যে স্ত্রী মারা গিয়েছে। হত্যার দায় তাঁরই। এরপর আইনি ঝামেলায় পড়তে হবে। ভয়ে বা অবসাদে যে কোনও কারণেই হোক জীবনের প্রতি উৎসাহ হারিয়ে ফেলেন ওই যুবক। সোজা হাঁটা দেন সাঁইথিয়া স্টেশনের দিকে। প্রতিবেশীরাও তখন বুঝতে পারেননি ওই যুবক কী করতে চলেছেন। তাঁরা আয়েশাকে ঘিরেই ব্যস্ত ছিলেন। এই ফাঁকেই সাঁইথিয়া স্টেশনে গিয়ে আত্মঘাতী হন ওই যুবক। যখন এই খবর আসছে, তখন কিন্তু আশ্চর্যজনকভাবে প্রাণে বেঁচে গিয়েছেন মৃত যুবকের স্ত্রী। প্রতিবেশীদের উদ্যোগেই তাঁকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়।

সেখান থেকে সিউড়ি সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়ে বলেই খবর। এখনও পর্যন্ত প্রাণে বেঁচে আছেন আয়েশা। তবে মৃত্যু হয়েছে তাঁর স্বামীর।

ঘটনার জেরে শুক্রবার সকালেই চাঞ্চল্য ছড়ায় সাঁইথিয়ায়। এলাকার অনেকের মত, নেশার কারণেই এমন কাণ্ড ঘটিয়েছেন মৃত যুবক।

কাজকর্ম করতেন না তেমন। উপার্জনও ছিল না। ফলে জমি বিক্রি করতে চাইছিলেন। তা নিয়েই স্ত্রীর সঙ্গে অশান্তি হয়। সেই বিবাদের পরিণতিতে শেষ মেশ প্রাণ গেল যুবকেরই।

নবান্নে এক বৈঠকের পর তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মণ্ডল এবং সিপিএম থেকে বহিষ্কৃত সাংসদ ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। ছবি শ্যামল মৈত্র।

বাসন্তীতে মদ্যপের হাতে আক্রান্ত নাবালক

নিজস্ব সংবাদদাতা, দঃ ২৪ পরগনা : মদ্যপ ব্যক্তি ও তার পরিবারের হাতে আক্রান্ত হল এক নাবালক। তাকে বাঁচাতে এসে আহত হল তার দিদিও। বৃহস্পতিবার দুপুরে ঘটনাটি ঘটে দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী থানার অন্তর্গত তিতকুমার গ্রামে। ঘটনার পর থেকে পলাতক অভিযুক্ত ও পরিবার বৃহস্পতিবার দুপুর ১টা নাগাদ বাড়ির সামনে বন্ধুদের সঙ্গে খেলছিল আনোয়ার (নাম পরিবর্তিত) তখন সেখানে মদ্যপ অবস্থায় আসে প্রতিবেশী গুঁজা খাঁ। এসে আনোয়ারকে গালিগালাজ করতে থাকে। এরপর আনোয়ারকে ধরে তার প্যান্ট খুলে দিয়ে পা ধরে ঘোরাতে থাকে। পুকুরে চোবানোও হয়। তার দিদি বাধা দিতে এলে তাকেও গালিগালাজ করা হয়। মারধরও করা হয়। চিৎকার চেঁচামেচিতে আনোয়ারের পরিবারের বাকি সদস্যরা আসে। সেখানে চলে আসেন গুঁজার পরিবারের সদস্যরাও। অভিযোগ তারা আনোয়ারের পরিবারের সদস্যদের মারধর করেন। এই ঘটনায় পাঁচজন জখম হয়। তাদের ক্যানিং মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে আনোয়ারের দিদির অবস্থা আশঙ্কাজনক। ঘটনার পর বাসন্তী থানায় আনোয়ার পরিবারের তরফে গুঁজার পরিবারের বিরুদ্ধে অভিযোগ জানানো হয়। ঘটনার পর থেকেই পলাতক অভিযুক্ত ও তার পরিবারের লোকজন।

শ্রমিক আন্দোলনের জয়, শ্যামনগর কটন মিলে ৮ ঘণ্টাই কাজ হবে

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : ৮ ঘন্টার পরিবর্তে ১২ ঘন্টা কাজ করার নির্দেশ দিয়ে বিজ্ঞপ্তি জারি হতেই কাজ বন্ধ করেন শ্যামনগরের অন্নপূর্ণা কটন মিলের শ্রমিকরা। শুক্রবার সকাল থেকে কাজ বন্ধ করে কারখানার গেটে বিক্ষোভ দেখান ক্ষুব্ধ শ্রমিকরা। যদিও পরে ওই বিজ্ঞপ্তি প্রত্যাহার করে নেয় কারখানা কর্তৃপক্ষ। এরপর ফের কাজ শুরু করেন স্থায়ী ও অস্থায়ী মিলিয়ে প্রায় ১২০০ শ্রমিক।

শ্রমিকরা জানিয়েছেন, কয়েকদিন আগে মালিক পক্ষ একটি নোটিশ জারি করে। সেখানে জানানো হয় ৮ ঘণ্টার পরিবর্তে কাজ করতে হবে ১২ ঘণ্টা। কিন্তু তা করতে নারাজ শ্রমিকরা। শুক্রবার সকাল থেকে কাজ বন্ধ রাখেন। দীর্ঘক্ষণ বিক্ষোভ চলার পর ওই বিজ্ঞপ্তি তুলে নেয় কারখানার মালিকপক্ষ। এরপর ফের উৎপাদন প্রক্রিয়া শুরু হয়। শ্রমিকদের অভিযোগ, প্রতি বছর পুজোর আগে কিছু না কিছু অজুহাত দিয়ে বোনাস দেওয়া বন্ধ রাখে কারখানা কর্তৃপক্ষ। এবারও সেরকম পরিকল্পনা করেছিল। কেন ৮ ঘণ্টার পরিবর্তে ১২ ঘণ্টা কাজের নির্দেশিকা জারি করেছিল কারখানা কর্তৃপক্ষ? সেবিষয়ে কারখানা কর্তৃপক্ষের বক্তব্য জানা যায়নি।

সর্পাঘাতে জয়পুরে মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার জয়পুর থানার কলসডিহিতে সর্পাঘাতে মৃত্যু হল এক ব্যক্তির। বুধবার সকালে দিনমজুর বিশ্বনাথ দলুই সাম্প্রতিক বর্ষণে এলাকার জলনিকাশি খাল-বিল-পুকুর চাষের জমিতে জল জমে থাকায় মাছ ধরার নেশায় জাল পেতে ছিলেন জলাশয়ে। ডাকাবুকো বিশুদা মাছ ধরতে গিয়ে জাল থেকে মাছ ছাড়াতে গিয়েছিলেন। হঠাৎই বিষধর সাপ বিশুকে আঘাত করে। জানা গিয়েছে, ওই জালে মাছের সঙ্গে বিষধর সাপ আটকে গিয়েছিল। সেই সাপ তাঁকে কামড়ে দেয়। তৎক্ষণাত এলাকার মানুষজন স্থানিয় অমরাগড়ি বিভূতিভূষণ ধর গ্রামীণ হাসপাতালে বিশুকে নিয়ে যায়। চিকিৎসক সর্পাঘাত গুরুতর থাকায় কলকাতার শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে পাঠান বিশুকে। চিকিৎসা সচল থাকলেও বৃহস্পতিবার ডাকাবুকো বিশু ওরফে বিশ্বনাথ দলুই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। এলাকায় এখন শোকের ছায়া। দিনমজুর পরিবারের মাথায় হাত। শুক্রবার কলকাতা কাঁটাপুকুর মর্গে ময়নাতদন্ত হয় তাঁর। পরে স্থানীয় শ্মশানে বিশুর অন্তিমক্রিয়ার সম্পন্ন হয় বলে বিশ্বনাথের পরিবার সূত্রে জানা গিয়েছে।

তৃণমূলের বুথ সভাপতিকেও বেয়াত করল না দুষ্কৃতীরা

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : ফের আক্রান্ত প্রতিবাদী। বীরভূমের সিউড়িতে মার খেলেন তৃণমূল কংগ্রেসের বুথ সভাপতি ও তাঁর স্ত্রী। রীতিমতো রাস্তায় ফেলে মদ্যপ যুবকরা। তাঁদের মারধর করে বলে অভিযোগ। সিউড়ি থানায় অভিযোগ দায়ের করেছেন শাসকদলের নেতা। অভিযুক্তরা এখনও অধরা ঘটনার সুত্রপাত বৃহস্পতিবার রাতে। রাতে সিউড়ির ভগবানবাটি গ্রামে পুকুর পাড়ে মদের আসর বসিয়েছিল কয়েকজন যুবক। অন্ধকার রাস্তায় টর্চ জ্বালিয়ে বাড়ি ফিরছিল অভিজিৎ দাস নামে এক ছাত্র। গ্রামবাসীদের অভিযোগ, মদের আসরে টর্চের আলো পড়তেই খেপে যায় মদ্যপ যুবকরা অভিজিৎকে বেধড়ক মারধর করা হয়। খবর পেয়ে রাতেই ভগবানবাটি গ্রামে যান তৃণমূলের বুথ সভাপতি তারক অঙ্কুর। তাঁকে হামলাকারীরা হুমকি দেয় বলে অভিযোগ। শুক্রবার সকালে স্ত্রী রীনাকে নিয়ে বাইকে করে সিউড়ি শহরে আসছিলেন। তারক। শাসকদলের নেতার অভিযোগ, সিউড়ি থানার ধনঞ্জয়বাটী গ্রামে কাছে পথ আটকায় মদ্যপ যুবকেরা। রাস্তায় ফেলে তাঁকে ও তাঁর স্ত্রীকে বেধড়ক মারধর করা হয়। সিউড়ি থানায় চারজনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন তৃণমূলের বুথ সভাপতি। ঘটনাটি দলীয় নেতৃত্বের নজরে আনবেন বলেও জানিয়েছেন তিনি। এ রাজ্যে মদ্যপানের প্রতিবাদ করে আক্রান্ত হওয়ার ঘটনা অবশ্য নতুন নয়। পরিষ্কিতি এমনই, যে অন্তঃসত্ত্বা মহিলাকে বেয়াত করেনি মদ্যপ যুবকেরা। মাস খানেক আগে বনগাঁয় প্রকাশ্যে মদ্যপানে প্রতিবাদ করেছিলেন এক গৃহবধূ। তিনি পাঁচমাসের অন্তঃসত্ত্বা ছিলেন। এক আত্মীয়ের সঙ্গে ডাক্তার দেখাতে যাওয়ার পথে, ওই গৃহবধূর উপর চড়াও হয় মদ্যপরা। বেধড়ক মারধর তো চলেই, অন্তঃসত্ত্বার পেটেও লাথি মারা হয়। এবার খোদ শাসকদলের বুথ সভাপতিকেও বেয়াত করল না দুষ্কৃতীরা।

হাওড়ায় তৈরি দুর্গা প্রতিমা পাড়ি দিতে চলেছে আয়ারল্যান্ডে

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাতে মাত্র কয়েকদিন বাকি। তারপর শুরু হবে বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো। সেই পুজোকে উপলক্ষ্য করে ইতিমধ্যে সাত সমুদ্র তের নদী সুদূর আয়ারল্যান্ডের ডাবলিনে পাড়ি দিতে চলেছে হাওড়ার তৈরি দুর্গা প্রতিমা।

আর এই দুর্গা প্রতিমা তৈরি করেছেন হাওড়ার এক শিল্পী। এই প্রতিমাটি নির্মাণ করেছেন ইন্ডিয়ান আর্ট কলেজের শিল্পী হাওড়াই সৈকত বসু। ১০ ফুট উচ্চতার এই প্রতিমাটি বানানো হচ্ছে সম্পূর্ণই ফাইবার দিয়ে। সম্পূর্ণ দূষণ বিধি মেনে প্রতিমাতে ব্যবহার করা হয়েছে ফাইবার। প্রতিমাতে ব্যবহার করা হয়েছে দূষণবিহীন রঙও। ফাইবারের তৈরি দশ ফুটের দুর্গা প্রতিমা ১৫ জুলাই পাড়ি জমাতে চলেছে সাত সমুদ্র তেরো নদী পেরিয়ে সুদূর আয়ারল্যান্ডে। ৪০দিন পরে সেই ফাইবারের প্রতিমা পৌঁছাবে আয়ারল্যান্ড।

সেখানেকার ডাবলিন শহরে এক বাঙালি কমিউনিটির সংস্থা 'সুজান'-এর পুজোর জন্য এই ফাইবারের প্রতিমা অর্ডার দেওয়া হয়েছে। সৈকতবাবু জানিয়েছেন এতদিন বিভিন্ন মণ্ডপে থিমের কাজ করলেও এবছরই প্রথম প্রতিমা তৈরি করছেন। তাঁরই এক বন্ধুর নিকটাত্মীয় থাকেন আয়ারল্যান্ডে। তাঁর মারফৎই প্রতিমার অর্ডার তিনি পেয়েছেন। জুলাই ২০১৭ তে সৈকতবাবুর সঙ্গে যোগাযোগ করা হয় সেই সংস্থার পক্ষ থেকে। এই বছর ডিসেম্বরে তার অর্ডার কনফার্ম হয়।

তারপর থেকে প্রতিমা তৈরির কাজ শুরু করেন সৈকতবাবু। সাড়ে ৩ ফুট দুর্গা প্রতিমার উচ্চতা। চালচিত্র নিয়ে মোট উচ্চতা ১০ ফুট। প্রতিমা মোট ৮টি খণ্ডে বিভক্ত করা হয়েছে। এরমধ্যে আছে ৫টি পুতুল এবং ৩টি চালচিত্র পট। এই সৈকতবাবু ছাড়াও তার সহযোগী মোট ৮ জন শিল্পী এই মুহূর্তে প্রতিমাটি তৈরি করছেন। মোট ৪ মাস সময় লেগেছে এই মূর্তিটি তৈরি করতে।

২ লক্ষ টাকার বরাত পেয়েছেন এই প্রতিমা তৈরি করতে। জাহাজে প্রতিমা ডাবলিনে পাঠাতে খরচ হবে ১২৭৫ ডলার। সৈকতবাবু জানান, এই প্রতিমা তৈরিতে আয় সামান্য হলেও যে অভিজ্ঞতা সঞ্চার হয়েছে তাতে ভবিষ্যতে তিনি এই ধরনের আরও ভালো কাজ করতে পারবেন।

এতদিন মোচ্ছব করে এখন খরচ কমানোর উদ্যোগ, মমতাকে কটাক্ষ দিলীপের

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর : রাজ্য সরকারের খরচ কমাতে মুখ্যমন্ত্রীর উদ্যোগকে কটাক্ষ করলেন রাজ্য বিজেপির সভাপতি দিলীপ ঘোষ। বৃহস্পতিবার বহরমপুরে দলের এক কর্মশালা শেষে সাংবাদিকদের মুখোমুখি হন দিলীপবাবু। তিনি বলেন, 'জেলায় জেলায় ঘুরে প্রশাসনিক বৈঠক করার নামে উনি ইতিমধ্যে (মমতা বন্দ্যোপাধ্যায়) কয়েকশো কোটি টাকা খরচ করে মোচ্ছব করেছেন। স্টাফবাজি রাজ্যের মানুষ ধরে ফেলেছেন। মানুষ অতিষ্ঠ হয়ে পরিবর্তন চাইছেন।'

বৃহস্পতিবার মুর্শিদাবাদ এসে বহরমপুরে এক কর্মশালায় যোগ দেন বিজেপির রাজ্য সভাপতি। সেই কর্মশালায় দলের জেলা ও ব্লক কার্যকর্তাদের পাশাপাশি উপস্থিত ছিলেন পঞ্চায়েত নির্বাচনে দাঁড়ানো দলীয় প্রার্থীরা।

কর্মশালা শেষে সাংবাদিকদের মুখোমুখি দিলীপবাবু বলেন, 'মমতা ব্যানার্জি কোনওদিন প্রশাসন চালাননি। প্রশাসন চালানোর ইচ্ছাও নেই। আজ উনি রাজ্যের খরচ কমাতে উদ্যোগী হয়েছেন। কিন্তু এতদিন প্রশাসনিক বৈঠকের নামে জঙ্গলে, গ্রামে গিয়ে সভা করেছেন। এইভাবে কয়েকশো কোটি টাকার মোচ্ছব করেছেন। ওনার স্টাফবাজি মানুষ ধরে ফেলেছেন। রাজ্যের মানুষ বিরক্ত। তাঁরা পরিবর্তন চাইছেন।' অধীর চৌধুরি প্রসঙ্গে নাম না করেই দিলীপবাবু বলেন, 'বিজেপির জন্য সবার দরজা খোলা রয়েছে।'

দিলীপবাবু বলেন, 'পুরুলিয়া পুলিশ প্রশাসনের ভয়ে কেউ তৃণমূলে গিয়েছে মানে এই নয় তিনি ফিরলেন না। প্রশাসনের চাপে প্রাণের ভয়ে কেউ যেতেই পারেন। আবার উনি অনেককে নিয়ে একদিন ফিরে আসবেন।'

কাকদ্বীপে বধূকে অজ্ঞান করে লুঠ

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : স্বামীর বড় দুর্ঘটনা এই কথা বলে নগদ টাকা, সোনা দানা নিয়ে চম্পট দিল এক অজানা ব্যক্তি। ঘটনাটি সাগরের গায়েন বাজার এলাকার। অমর দোলুই টোটো চালক। গত তিনদিন আগে তিনজন লোক অমরবাবুর বাড়িতে আসেন। সেই সময় অমরবাবুর স্ত্রী উষা দোলুই এবং তার পাঁচ বছরের ছেলে বাড়িতে ছিল। তারা বলে তোমার স্বামী টোটো চালায় আগামী একমাসের মধ্যে দুর্ঘটনা ঘটবে। উষা দোলুই আতঙ্কিত হন। বলেন কীভাবে জানালেন। এই ব্যক্তিরা নানা কথা বলে বোঝায় যে তারা জ্যোতিষ চর্চা করেন। উষা দোলুই প্রতিকারের জন্য কি করা যায় বলেন। এরপর ওই ব্যক্তিরা উষা দোলুই'র হাতে একটি জিনিস দিয়ে শুকতে বলে। এরপর উষা দোলুই জ্ঞান হারান। তিন চার ঘন্টা পরে জ্ঞান এলে দেখেন তাঁর গায়ের সোনা গয়না নেই। বাড়ির ভিতরে ট্রাঙ্ক ভাঙা। স্বামী অমর দোলুই বাড়ি ফিরে এসব দেখে প্রতিবেশীদের সাহায্যে উষা দোলুইকে বকুলনগর হাসপাতালে ভর্তি করেন। চিকিৎসাকরা জানান ক্লোরোফর্ম জাতীয় কিছু দিয়ে অজ্ঞান করা হয়েছে। অমর দোলুই'র সঙ্গে যোগাযোগ করা বলে তিনি বলেন গ্রামের এলাকায় এই সব লোক ঘুরে বেড়ায়। এর আগে আরও একজনের বাড়ি থেকে প্রায় এগারো হাজার টাকা নিয়ে গেছে। অমরবাবু কোস্টাল থানায় লিখিত অভিযোগ দায়ের করার উদ্যোগ গ্রহণ করেছেন এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

অমরনাথে গিয়ে প্রাণ হারালেন হাওড়ার বাসিন্দা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : অমরনাথ দর্শনে গিয়ে অসুস্থ হয়ে পড়ে প্রাণ হারালেন বালির দুর্গাপুর মাকালতলার এক বাসিন্দা। তাঁর নাম সঞ্জয় সাঁতরা। বছর পঞ্চাশের সঞ্জয়বাবু নিজের স্ত্রী ও ভাগনাকে সঙ্গে নিয়ে এলাকারই আরও বেশ কয়েকজনের সঙ্গে এই বছর অমরনাথ দর্শনে গিয়েছিলেন। গত জুনের ২৪ তারিখ তারা রওনা দেন অমরনাথ দর্শনে। বৃহস্পতিবার ৫ জুলাই অমরনাথ তুষারলিঙ্গ দর্শন করেন। দর্শনের পর তাঁরা সেখানেই নেমে আসেন টেন্টে। বৃহস্পতিবার রাত সাড়ে আটটা নাগাদ বাড়িতে নিজের ভাইয়ের সঙ্গেও ফোনে কথা হয় সঞ্জয়বাবুর। তখন তিনি সামান্য শ্বাস কষ্টের কথা জানিয়েছিলেন বলে জানা যাচ্ছে। এর পরেই আরও গুরুতর অসুস্থ হয়ে পড়লে তাঁকে নিকটবর্তী সেনাবাহিনী ক্যাম্পে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়। চিকিৎসার শুরু হলে কিছুক্ষণ পর সঞ্জয়বাবুর মৃত্যু হয়। শুক্রবার ভোরে এই দুঃসংবাদ এলাকায় পরিচিদের কাছে এসে পৌঁছয়। মাকালতলায় বাড়িতে রয়েছেন সঞ্জয়বাবুর বৃদ্ধ বাবা ও বৃদ্ধা মা। রয়েছেন তাঁর দুই স্কুল পড়ুয়া কন্যা। এখনও পর্যন্ত তাঁর ভাই ছাড়া পরিবারের অন্যদের কাছে মৃত্যু সংবাদ পৌঁছয়নি। সঞ্জয়বাবুর মৃত্যুতে মাকালতলা এলাকা গভীর শোকের ছায়া নেমে এসেছে।

এসআই সেজে সোনারপুরের স্কুলে সারপ্রাইজ ভিজিট, পুলিশের জালে ছদ্মবেশী

নিজস্ব সংবাদদাতা, সোনারপুর : দিনেদুপুরে মিথ্যে পরিচয় দিয়ে স্কুলে ঢুকে গিয়েছিলেন। দিব্যি প্রধানশিক্ষিকার সঙ্গে কথাবার্তাও বলছিলেন। এসআই ভেবে যাবতীয় প্রশ্নের উত্তরও দিয়ে চলেছিলেন প্রধানশিক্ষিকা। কিন্তু কিছু কিছু কথায় অসঙ্গতি মেলায় সন্দেহ হয় তাঁর। আর তাতেই মিলল ফল। আপাতত শ্রীঘরই ঠিকানা ছদ্মবেশী এসআইয়ের। দক্ষিণ ২৪ পরগনার সোনারপুরের এই ঘটনায় তাজ্জব খোদ সুকান্ত স্মৃতি প্রাথমিক বিদ্যালয় কর্তৃপক্ষ।

বৃহস্পতিবার স্কুলে সাজো সাজো রব। যে কোনও মুহূর্তে স্কুলে এসে পড়তে পারেন এসআই। ঠিকঠাক চলছিল সবকিছু। স্কুলে এসেও পড়লেন এসআই। প্রধানশিক্ষিকার সঙ্গে কথা বলতে শুরু করেন। কথাবার্তায় হাজারও অসঙ্গতি মেলে তার। তাতেই সন্দেহ হয় স্কুলে কর্তৃপক্ষের। তড়িঘড়ি এসআই অফিসে ফোন করেন প্রধানশিক্ষিকা। ফোনালাপেই স্পষ্ট হয় গোটা ছবি। স্কুলে ছদ্মবেশী এসআই এসেছে বলেই জানতে পারেন প্রধানশিক্ষিকা।

খবর দেওয়া হয় সোনারপুর থানায়। পুলিশ পৌঁছে ছদ্মবেশী এসআই দীননাথ মণ্ডলে গ্রেফতার করে। জেরায় দীননাথ জানায়, মগরাহাট থানার উত্তর রাধানগরের বাসিন্দা সে। জেরায় প্রথমে জানায় সে এসআই। কিছুক্ষণের মধ্যে বয়ান বদল করে দীননাথ। নিজেকে পুলিশ বলে পরিচয় দেয়। তারপরেও দীননাথকে লাগাতার জেরা করতে থাকে পুলিশ। এরপর আবার নিজেকে ক্লার্ক বলেও দাবি করে দীননাথ। যদিও বেশ কিছুক্ষণ জেরার পর নিজের ছদ্মবেশের কথা স্বীকার করে নেন তিনি। তবে কেন মিথ্যে পরিচয়ে ওই স্কুলে এসেছিল দীননাথ? সে বিষয়ে এখনও কিছুই জানতে পারেননি তদন্তকারীরা।